

বঙ্গভবন ১৬ মে ২০২৩:

পাবনায় স্থানীয় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেছেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন।

সকালে পাবনা প্রেসক্লাবে পৌঁছলে প্রেস ক্লাবের সভাপতিসহ সাংবাদিক নেতৃবৃন্দ রাষ্ট্রপতিকে ফুল দিয়ে স্বাগত জানান। রাষ্ট্রপতি সাংবাদিকদের সঙ্গে কুশল বিনিময় করেন।

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বলেন অন্যদের থেকে তার রাজনৈতিক দর্শন ছিল ভিন্ন। রাষ্ট্রপতি বলেন তিনি সবসময় ত্যাগের রাজনীতি করেছেন, কখনোই ভোগের রাজনীতি করেননি।

তিনি বলেন দেশ ও দেশের মানুষের স্বার্থে সাংবাদিকদের বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে হবে।

পাবনা প্রেসক্লাব ছিল বড় বড় সাংবাদিকদের পাদপীঠ উল্লেখ করে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন এ ক্লাবের ভাবমূর্তি অক্ষুণ্ণ রাখতে সাংবাদিকদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানে সিনিয়র সাংবাদিক পাবনা প্রেসক্লাবের সাবেক সভাপতি অধ্যক্ষ শিবুজিত নাগ, বীর মুক্তিযোদ্ধা রবিউল ইসলাম রবি, মাছরাঙ্গা টেলিভিশনের ব্যবস্থাপনা পরিচালক অঞ্জন চৌধুরী এবং প্রেস ক্লাবের সভাপতি এ বি এম ফজলুর রহমান বক্তব্য রাখেন।

রাষ্ট্রপতির সচিবগণ এ উপস্থিত ছিলেন।

এর আগে, রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন পাবনা বিসিক শিল্পনগরীতে স্কয়ার লাইফ সাইন্সেস লিমিটেড এর উদ্বোধন করেন। রাষ্ট্রপতি উৎপাদন এলাকা পরিদর্শন করেন।

এ সময়ে স্কয়ার গ্রুপের চেয়ারম্যান স্যামুয়েল এস চৌধুরী, স্কয়ার ফার্মাসিটিক্যালস লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক তপন চৌধুরী এবং স্কয়ার ট্যালেন্টজ লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক অঞ্জন চৌধুরী উপস্থিত ছিলেন।